

সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৫/৫০

১২ মার্চ, ২০২৫

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ Customs Bond Management System (CBMS) সফটওয়্যারে Onboard হওয়া প্রসঙ্গে।

আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ডের তথ্য মোতাবেক এখনো বিজিএমইএ'র অনেক সদস্য প্রতিষ্ঠান CBMS সফটওয়্যারে Onboard হয়নি। যে সকল প্রতিষ্ঠান এখনো CBMS সফটওয়্যারে Onboard হয়নি তাদেরকে জরুরী ভিত্তিতে Onboard হওয়ার জন্য জাতীয় রাজস্ব বোর্ড হতে অনুরোধ জানানো হয়েছে।

উল্লেখ্য, কাস্টমস বন্ড সংক্রান্ত সকল সেবা CBMS সফটওয়্যারের মাধ্যমে গ্রহণ করার জন্য জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা রয়েছে এবং আগামী ১৫ মার্চ, ২০২৫ তারিখের মধ্যে Asycuda World System এ CBMS সফটওয়্যারের নতুন জিবি নাম্বার বা ওয়্যারহাউস নাম্বারের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গ্রহণ করা হবে। নতুন জিবি নাম্বার দিয়ে কার্যক্রম শুরু হলে ম্যানুয়াল বন্ড ওয়্যার হাউস নাম্বার দিয়ে বন্ডেড প্রতিষ্ঠান Asycuda World System এ আমদানি-রপ্তানি কার্যক্রম সম্পাদন করতে জটিলতার সম্মুখীন হবে।

বন্ডের আওতায় আমদানি-রপ্তানি কার্যক্রম নিরবিচ্ছিন্নভাবে চলমান রাখার স্বার্থে CBMS সফটওয়্যারে Onboard হওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

ধন্যবাদান্তে,

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব